



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০০৫.২০২০.৯১৪

তারিখ : ০৮/১২/২০২২খ্রি.

বিষয় : নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী এর গাছ কর্তনের অনুমতি প্রসঙ্গে।


সূত্র : কলেজের স্মারক নং-৪১৯৩ তারিখ : ০৩/১২/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী এর ক্যাম্পাসে ও ছাত্রীনিবাসের মরা, ঝড়ে পড়া এবং ঝুঁকিপূর্ণ ২৪ (চব্বিশ) টি গাছ অপসারণের (কর্তন) অনুমতি প্রদানের লক্ষে রাজশাহী জেলার সামাজিক বন বিভাগ কমিটির সুপারিশের প্রেক্ষিতে এবং শিক্ষা মন্ত্রণালয়ের ০৫/০২/২০০৩খ্রি. তারিখের নং-শিম/শা-১১/বিবিধ-৪/২০০৩/১১৯ সংখ্যক পরিপত্রের আলোকে ক্ষতিকর/ঝুঁকিপূর্ণ মরাসহ ২৪ (চব্বিশ) টি গাছ অপসারণের (কর্তন) অনুমতির জন্য অধ্যক্ষ আবেদন করেছেন। নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে উক্ত কলেজের ২৪ (চব্বিশ) টি মরাসহ ক্ষতিকর/ঝুঁকিপূর্ণ গাছ অপসারণের (কর্তন) অনুমতি প্রদান করা হলো।

শর্তাবলী :-

- শিক্ষা মন্ত্রণালয়ের ০৫/০২/২০০৩খ্রি. তারিখের স্মারক নং-শিম/শা-১১/বিবিধ-৪/২০০৩/১১৯ পরিপত্র অনুসরণপূর্বক গাছ অপসারণ (কর্তন) করতে হবে।
- পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ অনুসরণে গাছ অপসারণ (কর্তন) করতে হবে।
- বনবিভাগ কর্তৃক মার্কাঙ্কিত/অনুমতি প্রদানকৃত গাছের অতিরিক্ত কোন গাছ কর্তন করা যাবে না।
- গাছ বিধি মোতাবেক দরপত্রের মাধ্যমে বিক্রয় করতে হবে।
- বনজঙ্গল পরিবহন ও নিয়ন্ত্রণ বিধিমালা ২০১১ অনুসরণে গাছ কর্তন ও অপসারণ করতে হবে।
- পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রদত্ত নির্দেশ অনুসারে অনুমতি পত্রের আওতায় যে সংখ্যক গাছ কর্তন করা হবে তার দ্বিগুণ সংখ্যক গাছ রোপন করতে হবে।
- জ্বালানী কাঠ কোন ক্রমেই ইটের ভাটায় সরবরাহ/বিক্রয় করা যাবে না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

  
০৪.১২.২০২২


মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক (কলেজ-২)  
ফোন : ৯৫৬০২৬৩

অধ্যক্ষ

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। জেলা প্রশাসক, রাজশাহী
- ৩। নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী
- ৪। বিভাগীয় বন কর্মকর্তা/তঁার প্রতিনিধি, রাজশাহী
- ৫। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৬। সংরক্ষন নথি।

  
08.12.2022

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক (কলেজ-২)

ফোন : ৯৫৬০২৬৩

